দৈনিক সংবাদ

তারিখ 21 JUN 1996
পৃষ্ঠা ৪ কলাম ৫

## সরকারি মাধ্যমিক স্কুলেও প্রয়োজন শিক্ষকদের চুক্তিভিত্তিক নিয়োগ

স্মারক নং-সাঃ ৮/২এ-৩২/৯৫ শিক্ষা; ০৭-০৩-৯৬ইং তারিখে অফিসিয়াল পত্রে শুধু সরকারি কলেজে ইংরেজি বিভাগের শিক্ষকদের অভাব পূরণের লক্ষ্যে যোগ্য শিক্ষকদের সরকারি চাকরিতে ৬০ বছর বয়স পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োগের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত মন্ত্রণালয়ের গৃহীত এ সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাচ্ছি। পাশাপাশি উক্ত কর্তৃপক্ষের নিকট আমাদের প্রশ্ন- শুধু সরকারি কলেজেই ইংরেজি বিষয়ে শিক্ষকের অভাব নাকি সরকারি মাধ্যমিক স্কুলসমূহেও ইংরেজি বিষয়ে শিক্ষকের অভাব আছে? যে সমস্ত শিক্ষক সরকারি মাধ্যমিক স্কুলসমূহে ইংরেজি পড়াতেন তাদের শতকরা ৮০ ভাগ শিক্ষক অবসরগ্রহণ করেছেন। কাজেই প্রতিটি সরকারি স্কুলে ইংরেজি বিষয়ে পাঠদানে সক্ষম শিক্ষকের খুবই অভাব দেখা দিয়েছে। বিজ্ঞানের শিক্ষক বা নতুন শিক্ষক দ্বারা এ অভাব পূরণ করা কোন ক্রমেই সম্ভব নয়। তাছাড়া সরকার বাধ্যতামূলকভাবে ইংরেজি বিষয় স্কুল ও কলেজে চালু করেছেন। সেমতে শুধু সরকারি কলেজেই ইংরেজি বিষয়ে শিক্ষকের প্রয়োজন না, সরকারি মাধ্যমিক স্কুলেও ইংরেজি বিষয়ে শিক্ষকের বিশেষ প্রয়োজন। নং-সাঃ১০/১ মাউ মাই শি-৬/৯৩/১৩৩২-, ১৫-৮-৯৫ তারিখে সরকারি আদেশক্রমে অফিসিয়াল পত্রের মাধ্যমে বেসরকারি স্কুল ও বেসরকারি কলেজ-সমূহে ইংরেজি শিক্ষকের ৬৫ বছর বয়স পর্যন্ত নিয়োগ প্রদান এবং সরকার কর্তৃক প্রদত্ত বেতন ভাতার অংশ প্রদানের ব্যবস্থা গৃহীত হয়েছে। শুধু সরকারি কলেজেই নয় সরকারি মাধ্যমিক স্কুলসমূহেও ইংরেজি ভাষার মাধ্যমে আইএ, বিএ, এমএ, বিএড, এমএড, ডিগ্রিধারী শিক্ষকগণকেও (এলপিআর আসন্ন, এলপিআর ভোগরত, অবসরপ্রাপ্ত আগ্রহী শিক্ষকদের) অনতিবিলম্বে ৬০ বছর বয়স পর্যন্ত ইংরেজি বিষয়ে চুক্তিভিত্তিক নিয়োগের ব্যবস্থা করার জন্য মাননীয় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃপক্ষকে বিনীত অনুরোধ জানাচ্ছি। প্রসঙ্গক্রমে আরও উল্লেখ করা যেতে পারে এই যে, মোঃ আবদুল মঈদ, সহকারী অধ্যাপক উদ্ভিদবিদ্যা নিউঃ গভঃ ডিগ্রি কলেজ, রাজশাহী গত ০১-০১-৯৬ইং তারিখ হতে এলপিআর ভোগরত নং-শঃ৮/৮-পি-০১/৯৬/৫০০-শিক্ষা, ২৮-৫-৯৬ইং তারিখে তাকে উপাধ্যক্ষ পদে পদোন্নতি দেয়া হয়েছে। সরকারি মাধ্যমিক স্কুলে এলপিআর ভোগরত শিক্ষকদেরকেও উক্ত নিয়মের বলে পদোন্নতি দেয়ার ব্যবস্থা করার জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃপক্ষকে সবিনয় অনুরোধ করছি।

মোঃ মজিবর রহমান
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
এলপিআর ভোগরত জিলা স্কুল
জামালপুর।

মোঃ তফিজউদ্দিন আহমদ
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
এলপিআর ভোগরত
নান্দিনা পাইলট উচ্চ বিদ্যালয়,
জামালপুর।